মেহেরপুরে পৃথক অভিযানে হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের পৃথক দুটি স্থানেঅভিযান চালিয়ে ১০ গ্রাম হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মাদ্রক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

আজ শুক্রবার বিকাল ৩ টার দিকে সদর উপজেলার হরিরামপুর ও বিকাল সাড়ে ৪টার দিকে শহরের ভূমি অফিস পাড়ায় অভিযানপরিচালনা করেন মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক হাশেম আলী।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে হরিরামপুর দক্ষিণপাড়ায় অভিয়ান চালিয়ে ৪ গ্রাম হেরোইনসহ রেজাউল হকেবর ছেলে ইকবাল হোসেনকে এবং শহরের ভূমি অফিস পাড়া থেকে শমসেরে শেখের ছেলে মিয়ারুল ইসলামকে ৬ গ্রাম হেরোইনসহ আটক করা হয়েছে। পরে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করে সদর থানায় সোপর্দ করা হয়েছে।

গাংনীর মাইলমারীতে হেরোইন সহ দুই মাদক ব্যবসায়ী আটক

গাংনীর মাইলমারী তে হেরোইন সহ দুই মাদক ব্যাবসায়িকে আটক করেছে। আজ বৃহস্পতিবার সকালে আটকের বিষয়টি নিশ্চিত করেছেন ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলাম।

গতকাল বুধবার দিবাগত রাতে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলামের নেতৃত্বে এ এস আই কালাম ও এ এস আই শামসুর রহমান সহ সঙ্গিও ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। আটক কৃতরা হলেন, মাইলমারী গ্রামের মৃত দবির উদ্দিনের ছেলে সেকেন্দার আলী (৪৫) ও সাহারবাটি গ্রামের মৃত নেক মোহাম্মদের ছেলে তরিকুল

আলী (৪০) কে ০৫ গ্রাম হেরোইন সহ আটক করা হয়।

তারা চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ। পুলিশ জানায়, প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মাইলমারী মন্ডলপাড়া ওয়াক্ত মসজিদের সামনে হিয়ারিং রাস্তার উপরে অভিযান পরিচালনা করা হয়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাদেরকে আটক করে পুলিশ, পরে দেহ তল্লাশি করে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলাম জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে দুজনকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।